

তথ্য পুস্তিকা

Centre de Lutte Anti-Tuberculeuse (CLAT)

দায়িত্বপ্রাপ্ত

অধ্যাপক প্যাসকেল ডেমোলি

সুপ্ত যক্ষ্মা সংক্রমন



CHU de Montpellier

Hôpital Arnaud de Villeneuve


Pôle Coeur-Poumons

371, Avenue du Doyen Gaston Giraud

34295 Montpellier cedex 5 - www.chu-montpellier.fr

CLAT : Tél : 04 67 33 60 84 - Fax : 04 67 33 22 75

clat@chu-montpellier.fr



"ডাক্তার বলেছেন যে
আমার
ল্যাটেন্ট বা সুপ্ত টিউবারকুলোসিস/যক্ষ্মার
ইনফেকশন আছে,
এর অর্থ কি? "

এক্স-রে স্বাভাবিক আপনার কোনও রোগ নেই,
আপনি সংক্রামক নন।

জীবাণু সুপ্ত অবস্থায় আছে।
ডাক্তার সিটি স্ক্যানের জন্য বলতে পারেন।

চিকিৎসা রোগের বিকাশ রোধ করতে পারে।

এই চিকিৎসা ৩ মাস স্থায়ী হবে এবং এর জন্য কোনও তাড়াছড়োর প্রয়োজন নেই
আপনি প্রস্তুত থাকলে এটি শুরু করা হবে কারণ এর জন্য আপনাকে প্রতিদিন সকালে চিকিৎসা নিতে হবে এবং
মেডিকেল ফলো-আপ করতে হবে।

এই ফলো-আপের মধ্যে রয়েছে :

● আপনার শরীর চিকিৎসা সইতে পারবে কিনা তা দেখার জন্য চিকিৎসা শুরু করার আগে **রক্ত পরীক্ষা**।
চিকিৎসা শুরু হওয়ার পরে আরেকবার রক্ত পরীক্ষা (এক টিউব) করতে হবে, তারপর CLAT এ প্রতি মাসে ডাক্তারি
পরামর্শের আগে রক্ত পরীক্ষা করতে হবে।

● ডাক্তারের সাথে **মাসিক পরামর্শ**

এই চিকিৎসা ৩ মাস ধরে প্রতিদিন সকালে নিতে হবে। এই চিকিৎসায় দুইটি
অ্যান্টিবায়োটিক নিতে হবে।



CLAT মেডিকেল ফলো-আপ নিশ্চিত করে এবং সিকিউরিটি সোশ্যাল নেই এমন ব্যক্তিদের বিনামূল্যে চিকিৎসা দেয়।



- ১) ঘুম থেকে উঠে খালি পেটে ওষুধ নিন।
- ২) খাবার খাওয়ার আগে ৩০ মিনিট অপেক্ষা করুন




৩) সাধারণ খাবার

৪) মদ্যপান বিপজ্জনক

৫) রাতে কিছু খাবেন না

প্রধান পার্শ্ব প্রতিক্রিয়া



৬) কমলা রঙের প্রস্রাব



৭) কমলা রঙের অশ্রু



৮) বড়ি আর সুরক্ষা দেয় না

- কমলা রঙের অশ্রু এবং প্রস্রাব ;
- গর্ভনিরোধক পিল কাজ না করা ;
- লিভারের কার্যকারিতা পরীক্ষা ব্যাহত হওয়ার ঝুঁকি ;
- চিকিৎসার শুরুতে হজমের সমস্যা ;
- বিরল ত্বকের ফুসকুড়ি।

যদি এই উপসর্গগুলো তীব্র হয়, দয়া করে CLAT এর সাথে যোগাযোগ করুন।

যদি চিকিৎসা নির্ধারিত না হয়ে থাকে

- প্রথমে জীবাণু শরীরে সুপ্ত অবস্থায় থাকবে এবং পরে এটি বিকশিত হতে পারে এবং তারপরে রোগ ছড়িয়ে পড়তে পারে (প্রায়শই প্রথম দুই বছরের ভেতর)।

এই ক্ষেত্রে, আপনাকে দুই বছরের জন্য প্রতি ৬ মাসে একটি এক্স-রে মনিটরিং দেওয়া হবে।

যদি রোগের লক্ষণ দেখা দেয় (যেমন, জ্বর, কাশি, ওজন হ্রাস, রাতের ঘাম, থুতু) তবে এক্স-রে অ্যাপয়েন্টমেন্টের জন্য অপেক্ষা না করে ডাক্তারের সাথে পরামর্শ করুন।



জ্বর

কাশি

ওজন হ্রাস

যোগাযোগ

Arnaud de Villeneuve হাসপাতাল, নিউমোলজি বিভাগ।

অধ্যাপক প্যাসকেল ডেমোলি (বিভাগ সমন্বয়কারী)

ডঃ জন-পিয়ের মাটি (পালমোনোলজিস্ট)

ডঃ ক্যাথরিন কর্বো (জনস্বাস্থ্য বিষয়ক ডাক্তার)

অ্যাডেলিন সানিয়া, লোটিসিয়া বেল (নার্স)

সেক্রেটারি : সিল্ভিয়ান বুলুই : ০৪ ৬৭ ৩৩ ৬০ ৮৪

ফ্যাক্স : ০৪ ৬৭ ৩৩ ২২ ৭৫

clat@chu-montpellier.fr

খোলার দিন :

সোমবার থেকে শুক্রবার

খোলার সময় :

সকাল ৮: ৩০ টা থেকে ১২: ৩০ টা পর্যন্ত

দুপুর ২টা থেকে বিকাল ৪টা

মেডিকেল পরামর্শের দিন :

সোমবার, মঙ্গলবার, বুধস্পতিবার সকালে অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে

